দৈনিক জনকণ্ঠ

তারিখ ... [illegible] 1 3 199[illegible]
পৃষ্ঠা ... কলাম ...

# সিরাজগঞ্জে সাক্ষরতা আন্দোলন কর্মসূচী শুরু

সিরাজগঞ্জ, ১২ সেপ্টেম্বর, নিজস্ব সংবাদদাতা ॥ সিরাজগঞ্জে সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচী শুরু হয়েছে। "প্রদীপ্ত সিরাজগঞ্জ" নামের এই কর্মসূচীতে প্রাথমিক পর্যায়ে জেলায় ৯০টি উপ-আনুষ্ঠানিক বিদ্যালয় চালু করা হয়েছে। আগামী ছ'মাসের মধ্যে পর্যায়ক্রমে আরও বিদ্যালয় চালু করে সিরাজগঞ্জ জেলাকে নিরক্ষরতামুক্ত করার অঙ্গীকার ব্যক্ত করা হয়েছে। এজন্য জেলার বিভিন্ন পেশার মানুষের সঙ্গে মতবিনিময় সভা-সমাবেশ অব্যাহত রয়েছে। উপ-আনুষ্ঠানিক বিদ্যালয় পরিচালনার জন্য শিক্ষক এবং পরিদর্শকও নিয়োগ করা হয়েছে। জেলার প্রায় ৬ লাখ (১১ বছর থেকে ৪৫ বছর পর্যন্ত) মানুষকে এই কর্মসূচীর অন্তর্ভুক্ত করা হয়েছে। বাজেট বরাদ্দ রাখা হয়েছে প্রায় ১৮ কোটি টাকা।